ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব
Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, সাভার, ঢাকা
www.bksp.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০৪.৪৮.০৯২৪৪-২৮৭

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: কোচেস সার্টিফিকেট কোর্স (বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল)-২০২৬ এর বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়ন ও দক্ষ প্রশিক্ষক তৈরির লক্ষ্যে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) বাস্কেটবল, ক্রিকেট ও ফুটবল বিভাগের জন্য "কোচেস সার্টিফিকেট কোর্স-২০২৬" আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। সর্বমোট ৬৫ জন প্রার্থী উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন।

১। কোর্সের বিবরণঃ

- কোর্সের নামঃ: কোচেস সার্টিফিকেট কোর্স (বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল) ২০২৬
- কোর্সের সময়কালঃ ১৯/১১/২০২৬ হতে ০৯/১২/২০২৬ তারিখ পর্যন্ত।
- স্থানঃ বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
- কোর্স ফিঃ ১০,০০০ (দশ হাজার) টাকা।

২। আবেদনকারীর যোগ্যতাঃ

- আন্তর্জাতিক ও জাতীয় প্রতিযোগিতা/ জাতীয় জুনিয়র প্রতিযোগিতা/ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতা/আন্তঃবাহিনী প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বর্তমান/প্রাক্তন খেলোয়াড় হতে হবে।
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি বা সমমান পাস। আন্তর্জাতিক পদক প্রাপ্ত খেলোয়াড়দের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- শারীরিকভাবে সুস্থ ও প্রশিক্ষণ গ্রহণে সক্ষম হতে হবে।

৩। বয়স:

- সর্বনিম্ন ২০ বছর এবং সর্বোচ্চ ৪০ বছর।

৪। কোর্সের সুবিধাসমূহ:

- প্রশিক্ষণকালীন তত্ত্বীয় ও ব্যাবহারিক প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা হবে।
- থাকা-খাওয়া এবং প্রাথমিক চিকিৎসা সুবিধাদি বিকেএসপি হতে প্রদান করা হবে।
- কোর্স চলাকালীন ১ টি টি-শার্ট ও ১ সেট ট্রাকসুট এবং কোর্স শেষে ১ টি সনদপত্র প্রদান করা হবে।

৫। অন্যান্য শর্তাবলী:

- প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ক্রীড়া সরঞ্জামাদি সাথে আনতে হবে।
- বিকেএসপির প্রশিক্ষকবৃন্দ এবং বিশেষজ্ঞ অতিথি প্রশিক্ষক দ্বারা কোর্সটি পরিচালিত হবে
- কোর্সে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকৃত প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে মেধানুযায়ীযোগ্য প্রার্থীকে কোর্সের জন্য মনোনয়ন প্রদান করা হবে।
- প্রার্থীগণকে বিকেএসপিতে যোগদানের সময় ১০,০০০ (দশ হাজার) টাকা জমা করতে হবে।

৬। অনলাইন আবেদন পদ্ধতিঃ

Bksp.gov.bd>>Applicant Registration>>Apply>>Coaches certificate course

প্রয়োজনে- ০১৬৭২০৯৩৩৪৬, ০১৪০৬১৫২২৩১, ০১৭৯৯৭৫২৫২৬

৭। আবেদনের শেষ তারিখঃ ১৫/১১/২০২৬

কর্নেল মোঃ গোলাম মাবুদ হাসান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ)
বিকেএসপি

CamScanner